

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.১১.০০.০০৫.২০১৬-২৯০

তারিখ: ০৪-১১-২০১৮ খ্রি:

বিষয়: কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) ওপির ২০১৮-২০১৯ অর্থবছরে আরপিএ আদার্স (জাইকা) খাতের স্থানীয় প্রশিক্ষণ প্ল্যানের প্রশাসনিক অনুমোদন


সূত্র: (১) স্মারক নং-সিবিএইচসি/প্রকি: প্লান/প্রশি:-৮৮/২০১৮/১৩২২, তাং-২১-১০-২০১৮ খ্রি:
(২) জাইকা অফিসের স্মারক নং-জাইকা (এলও)-১৪৫৫/১৮, তাং-৩০-১০-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) এর প্রস্তাব এবং জাইকা অফিসের অনাপত্তির আলোকে সিবিএইচসি ওপির ২০১৮-২০১৯ অর্থবছরে আরপিএ আদার্স (জাইকা) খাতের ১টি কম্পোনেন্ট এর ২টি প্রোগ্রামের বিপরীতে মোট ১৪৯৭.০০ লক্ষ (চৌদ্দ কোটি সাতানব্বই লক্ষ) টাকা প্রাক্কলিত মূল্যের স্থানীয় প্রশিক্ষণ প্ল্যান-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ, ২০০৬, পিপিআর, ২০০৮ এবং আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) আরপিএ আদার্স (জাইকা) খাতের অর্থ ব্যয়ে Guidelines for Procurement under Japanese ODA loans dated April, 2012, সহ আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (গ) বর্ণিত প্যাকেজের প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন হওয়ার বিষয়টি লাইন ডাইরেক্টর কর্তৃক নিশ্চিত করতে হবে;
- (ঘ) বর্ণিত প্যাকেজসমূহের প্রশিক্ষণ শুরু হওয়ার কমপক্ষে ৭ (সাত) কর্মদিবস পূর্বে প্রশিক্ষণের বিস্তারিত কর্মপরিকল্পনা মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- (ঙ) Institution Based Training প্রদানের ব্যবস্থা নেয়া। এ ক্ষেত্রে নিপোর্ট, নিপসমকে অগ্রাধিকার দিয়ে অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে প্রয়োজনীয় যোগাযোগ/সমন্বয় করতে হবে;
- (চ) Clinical Training সমূহ পরিচালনার ক্ষেত্রে Bangladesh College of Physicians and Surgeons (BCPS)-কে অগ্রাধিকার প্রদান করতে হবে;
- (ছ) প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণের ডাটাবেজ তৈরী করা;
- (জ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঝ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রয়োজ্য সকল আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে;
- (ঞ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

সংযুক্ত: ১ (এক) পাতা।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)
বিএমআরসি ভবন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।